



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ১৬৮/২০২৪

তারিখ: ১৫/১২/২০২৪ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর গণবিজ্ঞপ্তি নং- ০৫, নথি নং-৫/কা:হা:চট্ট/আই.জি.এম/৫৬/বিবিধ/২৪/৫১০৬২(৬), তারিখ: ১৫/১২/২০২৪ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

গণবিজ্ঞপ্তি

গণবিজ্ঞপ্তি নং- ০৫

নথি নং- ৫/কা:হা:চট্ট/আই.জি.এম/৫৬/বিবিধ/২৪

তারিখ: ১৫/১২/২০২৪ খ্রি.

বিষয়: কার্গো ঘোষণা চেক করে পণ্য ঘোষণা দাখিল ও শুদ্ধায়ন করার বিষয়ে সতর্কীকরণ।

১। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৪৮(২) অনুযায়ী “যথাযথ কর্মকর্তা কোনো যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি, মালিক বা পরিচালনাকারী বা তাহাদের এজেন্টকে উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত ঘোষণার সংশোধন বা সম্পূরক ঘোষণা দাখিলের অনুমতি প্রদান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত ক্ষেত্রে কোনো সংশোধন বা সম্পূরক ঘোষণা দাখিলের অনুমতি প্রদান করা যাইবে না, যথা:-

(ক) কোনো কাস্টমস কর্মকর্তা কর্তৃক কোনো যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি, মালিক বা পরিচালনাকারী বা তাহাদের এজেন্টকে যদি এই মর্মে অবহিত করা হয় যে, উক্ত পণ্য পরীক্ষা করা হইবে;

(খ) কাস্টমস কর্মকর্তা কর্তৃক উক্ত সংশোধনের বিষয়টি ইতোমধ্যে অশুদ্ধ বলিয়া প্রতিষ্ঠিত হইয়াছে;

(গ) আগমনের স্থান হইতে উক্ত পণ্য অপসারণ করিবার অনুমতি প্রদান করা হইয়াছে; বা

(ঘ) উক্ত পণ্যের জন্য ইতোমধ্যে একটি পণ্য ঘোষণা দাখিল করা হইয়াছে।”

২। আমদানি শাখায় কার্গো ঘোষণা সংশোধনের আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সিএন্ডএফ এজেন্ট ASYCUDA World System এ দাখিলকৃত কার্গো ঘোষণা বা ওয়ে বিল চেক না করে পণ্য ঘোষণা দাখিল করে। অপরদিকে শুদ্ধায়নকারী কর্মকর্তা কার্গো ঘোষণা যাচাই না করেই পণ্য ঘোষণা শুদ্ধায়ন করে। যেহেতু পণ্য ঘোষণা দাখিলের পর কার্গো ঘোষণা সংশোধন করা যায় না, সেহেতু ফলে শুদ্ধায়ন এবং শুদ্ধ-কর পরিশোধ পরবর্তীতে কার্গো ঘোষণা সংশোধন ও পণ্য খালাসে জটিলতা সৃষ্টি হচ্ছে।

৩। বর্ণিতাবস্থায়, কার্গো ঘোষণা যাচাই না করেই পণ্য ঘোষণা/বিল অব এন্ট্রি দাখিল করা হলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এবং কার্গো ঘোষণা যাচাই না করেই পণ্য ঘোষণা শুদ্ধায়ন করা হলে সংশ্লিষ্ট শুদ্ধায়নকারী কর্মকর্তার দায়িত্ব অবহেলা হিসেবে বিবেচিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

স্বাঃ/-

(মো: জাকির হোসেন)

কমিশনার অব কাস্টমস (চ: দা:)